

সংবাদ বিজ্ঞপ্তি

৫ সেপ্টেম্বর ২০১৭

ওয়ারউইক বিশ্ববিদ্যালয়ের সম্মেলনে ১৯৭১ ও বিচার বিষয়ক আইসিএসএফের তিনটি প্রবন্ধ

গত ২ সেপ্টেম্বর ২০১৭, ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরামের (আইসিএসএফ) চার সদস্যের একটি প্যানেল যুক্তরাজ্যের ওয়ারউইক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'ক্রিটিক্যাল লিগ্যাল স্টাডিজ' বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে তিনটি প্রবন্ধ পেশ করেন। আইসিএসএফ প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ড. রায়হান রশিদের সভাপতিত্বে প্যানেলের অংশগ্রহণকারীরা ছিলেন এম সানজীব হোসেন (আইসিএসএফ এর ট্রাস্টি), ব্যারিস্টার শাহ আলী ফরহাদ (সদস্য), মুহসিনা ফারহাত (সদস্য) এবং বাহজাদ জোয়ার্দার (সদস্য)। বিশেষ এই প্যানেলের শিরোনাম ছিল: 'Anatomising a Forgotten Catastrophe - Bangladesh's Historic Struggle for National Liberation in 1971' (একটি বিস্মৃত বিপর্যয়ের ব্যবচ্ছেদ - বাংলাদেশের ঐতিহাসিক স্বাধীনতার সংগ্রাম)।

প্রথম প্রবন্ধটি পেশ করেন আইসিএসএফ সদস্য মুহসিনা ফারহাত। প্রবন্ধে উনি বিপর্যয়ের কারণগুলো বিশ্লেষণ করতে যেয়ে ইন্টারন্যাশনাল কমিশন অফ জুরিস্টস এর ১৯৭২ সালের রিপোর্টের ভূমিকা এবং তার আলোকে বাঙালি জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারের (right of self determination) পর্যালোচনা করেন।

দ্বিতীয় প্রবন্ধটি যৌথভাবে পেশ করেন বাহজাদ জোয়ার্দার ও ব্যারিস্টার শাহ আলী ফরহাদ। এই প্রবন্ধে ১৯৭১ সালের ভয়াবহ মানবাধিকার বিপর্যয়ের ব্যাপ্তি ও প্রকৃতি তুলে ধরা হয় এবং ১৯৭১ সালে সংঘটিত আন্তর্জাতিক অপরাধ (international crimes) তথা জেনোসাইড এবং মানবতার বিরুদ্ধে অপরাধ (crimes against humanity) এর স্বীকৃতি লাভের ক্ষেত্রে আন্তর্জাতিক রাজনীতির ভূমিকার পর্যালোচনা করা হয়। সম্মেলনে উপস্থিত না হলেও এই গুরুত্বপূর্ণ প্রবন্ধের উপর আইসিএসএফ সদস্য রোকেয়া চৌধুরীও কাজ করেছেন।

তৃতীয় প্রবন্ধটি পেশ করেন আইসিএসএফ ট্রাস্টি এম সানজীব হোসেন। প্রবন্ধে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনালস) আইন ১৯৭৩ এবং বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালগুলোর বিচারকার্যের আলোকে গতানুগতিক ও প্রচলিত আন্তর্জাতিক অপরাধ আইন এর ধারণাগুলোর সীমাবদ্ধতাগুলোকে চিহ্নিত করা হয়।

সম্মেলনে আগত অংশগ্রহণকারীরা প্রবন্ধগুলোর বিষয়বস্তু মৌলিকত্ব ও গভীরতার প্রশংসা করেন। প্যানেলের প্রশ্নোত্তর পর্বের প্রাঞ্জল আলোচনার মধ্য দিয়েও বাংলাদেশের উত্থানের ইতিহাস, ১৯৭১ সালের গণহত্যা এবং বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালস এর বিচার প্রক্রিয়ার নানান উল্লেখযোগ্য দিক উঠে আসে।

আন্তর্জাতিক অপরাধের ভিক্তিমদের ন্যায়বিচার প্রদানের লক্ষ্যে কর্মরত শিক্ষাবিদ, গবেষক, বিশেষজ্ঞ এবং কর্মীদের সমন্বয়ে গঠিত ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) একটি স্বাধীন বৈশ্বিক নেটওয়ার্ক যা দীর্ঘদিন ধরে বাংলাদেশে সংগঠিত গণহত্যার স্বীকৃতি আদায় ও অপরাধীদের বিচারের আওতায় আনার লক্ষ্যে কাজ করে চলেছে।